গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৬
www.rdcd.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন ''গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায় ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ'' শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির ৯ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | - | মোঃ মশিউর রহমান এনডিসি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ | - | ২৯ জুন, ২০২২ |
| সময় | - | বিকাল ৩.০০ ঘটিকা। |
| স্থান | - | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬৩৩, ভবন নং-০৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

**সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।**

**২.০ উপস্থাপনা:**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। গত ১৬ জুন, ২০২২ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রী গণভবন থেকে পল্লী জনপদ, রংপুরের শুভ উদ্বোধন করায় মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য সহকারী প্রকল্প পরিচালক (মনিটরিং), জনাব মনিরুল ইসলামকে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রকল্প পরিচালক (মনিটরিং) বলেন যে, ''গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায় ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ'' শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পটি টাকা ২৪৭৩০.৬২ লক্ষ (বাংলাদেশ সরকার- ২১৪১৯.৭২ লক্ষ, সুবিধাভোগী- ৩,৩১০.৯০ লক্ষ) জুলাই, ২০১৪ হতে জুন, ২০২২ মেয়াদে দেশের তিন বিভাগে ০৩টি (রংপুর, রাজশাহী ও ঢাকা) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রতিটি পল্লী জনপদে ০৪ তলা বিশিষ্ট ০২টি আবাসিক ভবনে ০৪ ধরণের মোট ২৭২টি ফ্ল্যাটে ২৭২টি পরিবার বসবাস করতে পারবে। পল্লী জনপদে বসবাসকারীদের জন্য নিরাপদ পানি, সৌরবিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, স্বাস্থ্যসেবা কেন্দ্র, ধর্মীয় উপাসনালয়, বিনোদন কেন্দ্র, লাইব্রেরী, খেলার মাঠ, ডিপার্টমেন্টাল সপ, অতিথিশালা, প্রাণিসম্পদ চিকিৎসা কেন্দ্র, কমিউনিটি সেন্টার ইত্যাদির ব্যবস্থা থাকবে। এছাড়াও প্রকল্পের আওতায় বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ নির্ভর ঋণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে তাদের অতিরিক্ত আয়ের সংস্থানের ব্যবস্থা করা হবে।

**৩.০ আলোচনা ও সিদ্ধান্তসমূহ:**

পিএসসি সভায় প্রকল্প সম্পর্কে বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ প্রকল্পের আওতায় চলমান ০২ (দুই) টি বিভাগের (রাজশাহী ও ঢাকা) অবকাঠামো নির্মাণ কাজের সামগ্রিক অগ্রগতি যথাক্রমে ৭০% ও ৪০%। কাজেই নির্মাণ কাজের অগ্রগতি বাড়ানোর বিষয়ে আলোচনা হয়। যদিও প্রকল্প মেয়াদ জুন, ২০২২ এর মধ্যে রাজশাহী ও ঢাকা বিভাগের নির্মাণ কাজ সমাপ্তকরণ প্রায় অসম্ভব। সেক্ষেত্রে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বৃদ্ধির জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সুপারিশ করেন। সুপারিশের প্রেক্ষিতে প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভায় সকলের সম্মতিক্রমে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২ রাজশাহী বিভাগের বগুড়া জেলা ও ঢাকা বিভাগের গোপালগঞ্জ জেলায় নির্মাণাধীন ভবণসমূহের কাজের গতি বৃদ্ধির জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান বিএমটিএফ এর সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে তাদের সাথে দ্রুত সভা আয়োজনের পদক্ষেপ গ্রহণ করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। মেয়াদ বৃদ্ধির জন্য পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।

৩.৩ পল্লী জনপদ প্রকল্পের আওতায় ০৬টি বিভাগের জমি ক্রয়/অধিগ্রহণ করা হয়েছে; তন্মধ্যে, ০৩টি (রংপুর, রাজশাহী ও ঢাকা) বিভাগের টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে জমির সীমানা প্রাচীর দেয়ার কাজ চলমান রয়েছে। বাঁকী ০৩টি (খুলনা, সিলেট ও চট্টগ্রাম) বিভাগের ক্রয়/অধিগ্রহণকৃত জমির সীমানা প্রাচীর দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। সভায় ০৩ বিভাগের সীমানা প্রাচীর দেয়ার জন্য আরডিপিপি-তে সীমিত আকারে ব্যয় বৃদ্ধি করে কাজটি সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪ প্রকল্পের অব্যয়িত অর্থ জুন, ২০২২ এর মধ্যে সরকারী কোষাগারে জমাদান ও ব্যয়িত অর্থে ভ্যাট ও আয়কর যথাযথভাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করনে।

**(মোঃ মশিউর রহমান, এনডিসি)**
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৬
www.rdcd.gov.bd

**বিষয়ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন ''গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায় ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ'' শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির ৮ম সভার কার্যবিবরণী।**

সভাপতি - মোঃ মশিউর রহমান এনডিসি, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
তারিখ - ৩০ মে, ২০২২
সময় - সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান - পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬৩৩, ভবন নং-০৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।**

**২.০ উপস্থাপনাঃ**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য সহকারী প্রকল্প পরিচালক (মনিটরিং), জনাব মনিরুল ইসলামকে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে জনাব মনিরুল ইসলাম, সহকারী প্রকল্প পরিচালক (মনিটরিং) বলেন যে, ''গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায় ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ'' শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পটি টাকা ২৪৭৩০.৬২ লক্ষ (বাংলাদেশ সরকার- ২১৪১৯.৭২ লক্ষ, সুবিধাভোগী- ৩,৩১০.৯০ লক্ষ) জুলাই, ২০১৪ হতে জুন, ২০২২ মেয়াদে দেশের তিন বিভাগে ০৩টি (রংপুর, রাজশাহী ও ঢাকা) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রতিটি পল্লী জনপদে ০৪ তলা বিশিষ্ট ০২টি আবাসিক ভবনে ০৪ ধরণের মোট ২৭২টি ফ্ল্যাটে ২৭২টি পরিবার বসবাস করতে পারবে। পল্লী জনপদে বসবাসকারীদের জন্য নিরাপদ পানি, সৌরবিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, স্বাস্থ্যসেবা কেন্দ্র, ধর্মীয় উপাসনালয়, বিনোদন কেন্দ্র, লাইব্রেরী, খেলার মাঠ, ডিপার্টমেন্টাল সপ, অতিথিশালা, প্রাণিসম্পদ চিকিৎসা কেন্দ্র, কমিউনিটি সেন্টার ইত্যাদির ব্যবস্থা থাকবে। এছাড়াও প্রকল্পের আওতায় বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ নির্ভর ঋণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে তাদের অতিরিক্ত আয়ের সংস্থানের ব্যবস্থা করা হবে।

**৩.০ আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ**

পিএসসি সভায় প্রকল্প সম্পর্কে বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১ সুফলভোগীদের নিকট হতে প্রাপ্ত অবশিষ্ট ৭০% (৫% সার্ভিস চার্জসহ) এর কিস্তির টাকা জমা ও ব্যবস্থাপনা বিষয়ক একটি নীতিমালা প্রস্তুত করা হয়েছে এবং নীতিমালাটির বিভিন্ন বিষয়াদি নিয়ে সভায় আলোচনা করা হয়। নীতিমালাটি অতি দ্রুত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২ চলমান ০৩ (তিন) টি বিভাগের (রংপুর, রাজশাহী ও ঢাকা) অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি রংপুর=১০০%, রাজশাহী=৭০% এবং ঢাকা=৩০%। কাজেই নির্মাণ কাজের অগ্রগতি বাড়াতে হবে তথাপি প্রকল্প মেয়াদ জুন, ২০২২ এর মধ্যে রাজশাহী ও ঢাকা বিভাগের নির্মাণ কাজ সমাপ্তকরণ প্রায় অসম্ভব। সেক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সুপারিশ করেছে। পিআইসি সুপারিশের প্রেক্ষিতে প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভায় সকলের সম্মতিক্রমে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয়। প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প হিসেবে থাকায় ও আবেদনকারীদের মধ্যে ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে দ্রুত সংশোধিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩ আরডিপিপি সংশোধনের ক্ষেত্রে নির্মাণ কাজের মালামালের মূল্য বৃদ্ধি এবং নতুন কিছু কার্যক্রম অর্ন্তভূক্ত করার ফলে প্রকল্পের ব্যয় কিছুটা বৃদ্ধি পাবে। সেক্ষেত্রে প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধি সাপেক্ষে প্রকল্পের ব্যয় বৃদ্ধির প্রস্তাবনা সংশোধিত আরডিপিপি'র মাধ্যমে দ্রুত মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪ আরডিপিপি অনুযায়ী প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাওয়ায় ফ্ল্যাটের মূল্য পুনঃনির্ধারণপূর্বক তা পরিশোধের জন্য সুফলভোগীদেরকে ফ্ল্যাট বরাদ্দ পত্র প্রদান বিষয়ে আলোচনা করা হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রথমে উপকারভোগীদের ফ্ল্যাট হস্তান্তর করতে হবে এবং পরবর্তীতে তাদের অতিরিক্ত মূল্য বৃদ্ধির বিষয়ে পত্র প্রদান করা যেতে পারে।

৩.৫ ফ্ল্যাট বরাদ্দের চুক্তিপত্রে কি কি বিষয়াদি থাকবে এবং এককালীন মূল্য পরিশোধের ক্ষেত্রে কোন প্রকার সার্ভিস চার্জ প্রযোজ্য হবে তা পিএসসি সভার মাধ্যমে অনুমোদন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়াও ফ্ল্যাট বরাদ্দের নীতিমালা ও চুক্তিপত্র আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পাঠাতে হবে।

৩.৬ সভায় পল্লী জনপদ প্রকল্পের কার্যক্রম আরো গতিশীল ও ফ্ল্যাট সুষ্ঠুভাবে বরাদ্দের জন্য সুপারিশ করা হয়। পাইলট আকারে বাস্তবায়নাধীন ০৩টি এলাকায় পল্লী জনপদ প্রকল্পের প্রভাব ভাল হলে প্রকল্পটি মডেল আকারে আরো অন্যান্য এলাকায় সম্প্রসারণ করার যেতে পারে।

৩.৭ পল্লী জনপদ প্রকল্পের আওতায় ০৬টি বিভাগের জমি ক্রয়/অধিগ্রহণ করা হয়েছে; তন্মধ্যে ০৩টি (রংপুর, রাজশাহী ও ঢাকা) বিভাগের টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে জমির সীমানা প্রাচীর দেয়ার কাজ চলমান রয়েছে। বাকী ০৩টি (খুলনা, সিলেট ও চট্টগ্রাম) বিভাগের ক্রয়/অধিগ্রহণকৃত জমির সীমানা প্রাচীর দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। সভায় ০৩ বিভাগের সীমানা প্রাচীর দেয়ার জন্য আরডিপিপি-তে সীমিত আকারে ব্যয় বৃদ্ধি করে কাজটি সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৮ ফ্ল্যাট বরাদ্দের ক্ষেত্রে নির্ধারিত কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা পিআইসি'র সদস্যবৃন্দ কর্তৃক পর্যালোচনা করে যাদের ফ্ল্যাট আছে (দো'তলা বা তার অধিক তলা সম্পন্ন) তাদের ফ্ল্যাট না দেওয়া এবং যাদের টিনসেড বাড়ী আছে তাদের ফ্ল্যাট দেওয়ার জন্য কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করনে।

(মোঃ মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৬
www.rdcd.gov.bd

স্মারক নং- ৪৭.০০.০০০০.০৪৫.১৪.০০৫.১৩ (অংশ-৩)-৭৩

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৯ / ২৭ জুন ২০২২

বিষয়: পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: আরডিএ, বগুড়ার স্মারক নং-৪৭.৬৪.১০৮৮.০২৪.১৬.০০৪.১১-২৬০, তারিখ: ১১-০৫-২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি ৩০ জুন, ২০২২ এ সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। বিগত ১১ মে, ২০২২ খ্রি. তারিখে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ কর্তৃক উক্ত প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির সুপারিশ করা হয়।

০২। এমতাবস্থায়, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন "গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের ২য় সংশোধনের প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ডিপিপি ০২ (দুই) প্রস্থ।

27.06.2022

27/6/2022


(ড. মোঃ গোলাম মোস্তফা)
উপসচিব
ফোনঃ +৮৮০২-২২৩৩৮৫০১৮
Email: Plan6.section@rdcd.gov.bd


সদস্য
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ যুগ্ম-প্রধান, পল্লী প্রতিষ্ঠান উইং)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর ঢাকা।
২. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী আরডিএ, বগুড়া।
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব এর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, "গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট 'পল্লী জনপদ' নির্মাণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, আরডিএ, বগুড়া।
৫. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।